

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
ভূমি মন্ত্রণালয়  
মাননীয় মন্ত্রীর দপ্তর  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
www.minland.gov.bd

### শোক বার্তা

প্রেস রিলিজ নং – ২০২০/০৯/১৮ - ২

### **ভূমি উপ-সহকারী কর্মকর্তা হাফিজুর রহমানের মৃত্যুতে ভূমি সচিবের শোক**

(ঢাকা, শুক্রবার, ১৮ সেপ্টেম্বর, ২০২০) চুয়াডাঙ্গা পৌর ভূমি অফিসের ইউনিয়ন ভূমি উপ-সহকারী কর্মকর্তা হাফিজুর রহমানের মৃত্যুতে গভীর শোক ও দুঃখ প্রকাশ করেছেন ভূমি সচিব মোঃ মাক্ছুদুর রহমান পাটওয়ারী। ইম্মা লিল্লাহি ওয়া ইম্মা ইলাইহি রাজিউন।

আজ এক শোকবার্তায় ভূমি সচিব বলেন, ইউনিয়ন ভূমি উপ-সহকারী কর্মকর্তা হাফিজুর রহমানের অকাল প্রয়াণে ভূমি রাজস্ব প্রশাসন একজন অত্যন্ত দক্ষ, নিবেদিত প্রাণ, নিষ্ঠাবান, নির্ভরশীল, কঠোর পরিশ্রমী ও সৎ কর্মকর্তাকে হারালো। অত্যন্ত দক্ষতার সাথে তিনি তাঁর উপর অর্পিত জেলা রেকর্ড রুমের বিশেষ দায়িত্ব পালন করে আসছিলেন।

ভূমি সচিব মরহমের বিদেহ আত্মার মাগফেরাত কামনা করেন এবং শোকাহত পরিবারের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করেন। মৃত্যুকালে তিনি পিতামাতা, দুই কন্যা এবং সহোদর সহ অসংখ্য গুণগ্রাহী রেখে গেছেন।

উল্লেখ্য, আজ পৌর ভূমি অফিসের ইউনিয়ন ভূমি উপ-সহকারী কর্মকর্তা হাফিজুর রহমান ও কুষ্টিয়া পলিটেকনিক ইন্সটিটিউটে কর্মরত তাঁর স্ত্রী ইলিজা রহমান সরকারি কাজে চুয়াডাঙ্গা হতে মোটরসাইকেল যোগে কুষ্টিয়া যাচ্ছিলেন। পথিমধ্যে পাটকাবাড়ী নামক স্থানে বিপরীত দিক থেকে আসা ভটভটির (স্থানীয়ভাবে আলম সাধু/নসিমন নামেও পরিচিত) সঙ্গে তাঁদের বহনকারী মোটরসাইকেলের মুখোমুখি সংঘর্ষ হয়। উক্ত দুর্ঘটনায় গুরুতর আহত দুজনকে কুষ্টিয়া হাসপাতালে নেওয়ার পথে হাফিজুর রহমান মৃত্যুবরণ করেন।

মরহমের স্ত্রী বর্তমানে কুষ্টিয়া হাসপাতালে চিকিৎসাধীন রয়েছেন। ভূমি সচিব, কুষ্টিয়া জেলা প্রশাসক ও চুয়াডাঙ্গা জেলা প্রশাসক মরহমের আহত স্ত্রীর সুচিকিৎসার ব্যাপারে নিয়মিত খোঁজ নিচ্ছেন।

স্বাক্ষরিত/-

(সৈয়দ মোঃ আব্দুল্লাহ আল নাহিয়ান)

জনসংযোগ কর্মকর্তা

ভূমি মন্ত্রণালয়

মোবাইল – ০১৭৫৪-০৯৭২৭৯

ইমেইল – pr.mol.gob@gmail.com

## **Land Secretary mourns the death of Deputy Assistant Land Officer Hafizur Rahman**

**(Dhaka, Friday, September 18, 2020)** Land Secretary Md. Muksodur Rahman Patwary expressed his sincere condolence at the death of Union Land Deputy Assistant Officer of Chuadanga Municipal Land Office Hafizur Rahman. Inna lillahi wa inna ilayhi raji'un.

In a condolence message today, the Land Secretary said, the land revenue administration lost a highly efficient, dedicated, devoted, dependable, hardworking, and honest officer with the demise of Union Land Deputy Assistant Officer Hafizur Rahman. He has been very efficiently performing the special duty of the district record room entrusted to him.

The Land Secretary prayed for the eternal peace of the departed soul and conveyed profound sympathy to his bereaved family members. He is survived by his parents, two daughters, a brother, and innumerable admirers.

It is to be noted that, Hafizur Rahman, Union Land Deputy Assistant Officer of the Municipal Land Office, and his wife Eliza Rahman, who is working at Kushtia Polytechnic Institute, were going to Kushtia on a motorcycle from Chuadanga for government work. Their motorcycle collided head-on with a Bhatbhati (also locally known as Alam Sadhu / Nosimon) at Patikabari. Hafizur Rahman died on the way to Kushtia Hospital.

The wife of the deceased is currently undergoing treatment at Kushtia Hospital. The Land Secretary, Kushtia Deputy Commissioner, and Chuadanga Deputy Commissioner are regularly inquiring about the wellbeing of the injured wife of the late Land Deputy Assistant Officer.